# Times Today BD

মো. তাহসিন হাসান | দেশজুড়ে | 12 July, 2025

কক্সবাজারের রামু উপজেলার কচ্ছপিয়া ইউনিয়নের শহরআলীর চরের নদী থেকে বিবিশন বড়ুয়া (৫৫) নামে এক ব্যবসায়ীর ভাসমান মরদেহ উদ্ধার করেছে পুলিশ।

শনিবার (১২ জুলাই) সকালে স্থানীয়রা নদীতে একটি মরদেহ ভাসতে দেখে গর্জনিয়া পুলিশ ফাঁড়িকে খবর দেয়।পরে পুলিশ গিয়ে লাশটি উদ্ধার করে।

নিহত বিবিশন বড়ুয়া নাইক্ষ্যংছড়ি উপজেলার সদর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের বাসিন্দা এবং পেশায় একজন ক্ষুদ্র ব্যবসায়ী ছিলেন।তিনি তিন দিন আগে নিখোঁজ হন, পরিবারের সদস্যরা সম্ভাব্য সব স্থানে খোঁজাখুঁজি করেও তাঁর সন্ধান পাননি।

লাশ উদ্ধারের খবর ছড়িয়ে পড়লে নিহতের স্বজন ও স্থানীয় মানুষজন ঘটনাস্থলে ছুটে এসে মরদেহ শনাক্ত করেন।

গর্জনিয়া পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. শাহজাহান মনির বলেন, “খবর পেয়ে এসআই জুয়েলসহ পুলিশের একটি দল ঘটনাস্থলে গিয়ে লাশটি উদ্ধার করে।আইনি প্রক্রিয়া শেষে ময়নাতদন্তের জন্য মরদেহ কক্সবাজার সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।মৃত্যুর প্রকৃত কারণ জানতে তদন্ত চলছে।’

বিবিশন বড়ুয়ার অকাল মৃত্যুতে এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।স্থানীয়রা তাকে একজন সদালাপী, পরিশ্রমী ও সামাজিক মানুষ হিসেবে জানতেন।তাঁর মৃত্যুতে পরিবার ও সমাজে শোকের আবহ বিরাজ করছে।

পুলিশ নিখোঁজ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 19:02

URL: https://timestodaybd.com/public/across-the-country/4641775807